

ভিসা জটিলতায় কর্মীদের সতর্ক করল গুগল ও অ্যাপল

- A Monitor Desk Report

Date: 23 December, 2025



ঢাকা: যুক্তরাষ্ট্রে কর্মরত ভিসাধারী কর্মীদের আন্তর্জাতিক ভ্রমণ এড়িয়ে চলতে সতর্ক করেছে প্রযুক্তি জায়ান্ট গুগল ও অ্যাপল।

ভিসা নবায়ন ও পুনঃপ্রবেশ প্রক্রিয়ায় অস্বাভাবিক বিলম্বের আশঙ্কায় এই সতর্কবার্তা দেওয়া হয়েছে।

এক প্রতিবেদনে সংবাদমাধ্যম বলা হয়েছে, গুগল ও অ্যাপলের পক্ষে কাজ করা অভিবাসন আইন সংস্থাগুলো কর্মীদের এই পরামর্শ দিয়েছে। গুগলের প্রতিনিধিত্ব করছে বিএএল ইমিগ্রেশন ল। আর অ্যাপলের পক্ষে কাজ করছে ফ্র্যাগোমেন।

প্রতিবেদনে দেখা গেছে, এসব আইন সংস্থার পাঠানো অভ্যন্তরীণ স্মারকে বলা হয়েছে যে সব কর্মীর বৈধ এইচ-১বি ভিসা স্ট্যাম্প নেই তাদের আপাতত যুক্তরাষ্ট্রের বাইরে না যাওয়াই ভালো।

ফ্র্যাগোমেনের এক স্মারকে বলা হয়, সাম্প্রতিক পরিবর্তন ও অনিশ্চিত পরিস্থিতির কারণে যুক্তরাষ্ট্রে ফেরার সময় দীর্ঘ বিলম্ব হতে পারে। তাই আন্তর্জাতিক ভ্রমণ এড়িয়ে চলার জোর সুপারিশ করা হচ্ছে।

এই সতর্কতার পেছনে রয়েছে যুক্তরাষ্ট্রের ভিসা প্রক্রিয়ায় নতুন কড়াকড়ি। মার্কিন পররাষ্ট্র দপ্তরের এক মুখপাত্র বিজনেস ইনসাইডারকে জানান, এখন প্রতিটি ভিসা আবেদন আরও গভীরভাবে যাচাই করা হচ্ছে। নিরাপত্তা যাচাইকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হচ্ছে।

সংবাদমাধ্যম জানিয়েছে, ডিসেম্বর মাসে ভিসা নবায়নের জন্য নিজ দেশে যাওয়া শতাধিক ভারতীয় প্রযুক্তি পেশাজীবীর দূতাবাস অ্যাপয়েন্টমেন্ট বাতিল বা পুনর্নির্ধারণ করা হয়েছে। সামাজিক যোগাযোগমাধ্যম যাচাইয়ের নতুন নিয়মের কারণেই এমনটি হয়েছে বলে জানা গেছে।

বিশেষজ্ঞরা বলছেন, এই পরিস্থিতিতে ভিসাধারী কর্মীদের ঝুঁকি বেড়েছে। একবার দেশ ছাড়লে নির্ধারিত সময়ে যুক্তরাষ্ট্রে ফেরা অনিশ্চিত হয়ে

উঠতে পারে। এতে চাকরি, বাসস্থান ও পরিবারের ওপর বড় ধরনের প্রভাব পড়তে পারে।

এর আগে গত সেপ্টেম্বরেও একই ধরনের সতর্কতা দিয়েছিল বড় প্রযুক্তি প্রতিষ্ঠানগুলো। তখন হোয়াইট হাউস ঘোষণা দেয়, এইচ-১বি ভিসার জন্য নিয়োগকর্তাদের অতিরিক্ত এক লাখ ডলার ফি দিতে হবে। সে সময়ও ভিসা প্রক্রিয়া নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছিল।

বিশ্লেষকেরা বলছেন, যুক্তরাষ্ট্রের প্রযুক্তি খাত অনেকটাই নির্ভরশীল অভিবাসী কর্মীদের ওপর। গুগল, অ্যাপলসহ বড় কোম্পানিতে বিপুলসংখ্যক বিদেশি প্রকৌশলী ও গবেষক কাজ করেন। ভিসা জটিলতা দীর্ঘ হলে এর প্রভাব উদ্ভাবন ও উৎপাদনশীলতার ওপর পড়তে পারে।

এ বিষয়ে গুগল ও অ্যাপলের সঙ্গে যোগাযোগ করেছে প্রযুক্তি বিষয়ক সংবাদমাধ্যম টেকক্রাঞ্চ। তবে প্রতিষ্ঠান দুটি কোনো মন্তব্য করেনি।

বর্তমান পরিস্থিতিতে অভিবাসন বিশেষজ্ঞরা কর্মীদের সতর্ক থাকার পরামর্শ দিচ্ছেন। প্রয়োজন ছাড়া বিদেশ ভ্রমণ না করা। ভিসার কাগজপত্র হালনাগাদ রাখা এবং নিয়োগকর্তার আইনি পরামর্শ নিয়মিত নেওয়ার কথাও বলা হচ্ছে।

ভিসা প্রক্রিয়ার এই অনিশ্চয়তা যুক্তরাষ্ট্রে কর্মরত হাজারো প্রযুক্তি পেশাজীবীর মধ্যে নতুন করে উদ্বেগ তৈরি করেছে।

-B